দৈনিক বাংলা

তারিখ 05 NOV 1994
পৃষ্ঠা ২ কলাম ৫

03

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীতে এ বছর ২৪০ কোটি টাকা ব্যয় ঃ অর্থমন্ত্রী

মৌলবীবাজার, ৪ নবেম্বর (বাসস)।– অর্থমন্ত্রী এম সাইফুর রহমান শুক্রবার এখানে বলেন যে এ বছর ২০ হাজার প্রাথমিক বিদ্যালয় ও ১৫ লাখ ছাত্র-ছাত্রীকে সরকারের শিক্ষার জন্য খাদ্য

(৮–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## শিক্ষার জন্য খাদ্য

(প্রথম পৃষ্ঠার পর)

কর্মসূচীর অধীনে আনা হবে এবং এর জন্য ২শ' ৪০ কোটি টাকা ব্যয় হবে। মৌলবীবাজার মহিলা কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, দেশের ১৬ লাখ মেয়ে শিক্ষার্থীর জন্য বৃত্তি হিসাবে সরকার আরও আড়াইশ' কোটি টাকা ব্যয় করবে।

অর্থমন্ত্রী বলেন, শিক্ষার ক্ষমতা অনুধাবন করে বর্তমান সরকার শিক্ষা-খাতের ওপর সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে এবং এককভাবে এই খাতের জন্য এ বছর ৩ হাজার ৭শ' ৫০ কোটি টাকা বরাদ্দ করেছে। তিনি বলেন, ভবিষ্যতেও শিক্ষা-খাতের উন্নয়নের জন্য এই খাতে সরকার বাজেটের সর্বোচ্চ বরাদ্দ দান অব্যাহত রাখবে।